মন্ত্রিপরিষদ বিভাগের আগস্ট ২০১৮ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**
প্রতিবেদনাধীন মাসের নাম: **আগস্ট ২০১৮** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৯ সেপ্টেম্বর ২০১৮**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	**অনুমোদিত পদ**	**পূরণকৃত পদ**	**শূন্যপদ**
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৩৬৪	২২৫	১৩৯
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,০৮৩	৮৪৩	২৪০
মোট	১,৪৪৭	১,০৬৮	৩৭৯

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	**অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ**	**জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)**	**অন্যান্য ১ম শ্রেণির পদ**	**২য় শ্রেণির পদ**	**৩য় শ্রেণির পদ**	**৪র্থ শ্রেণির পদ**	**মোট**
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	২৪	২৩	৪৪	৪৮	১৩৯
দুর্নীতি দমন কমিশন	-	-	৬১	৩৭	১৪২	-	২৪০*
মোট	-	-	৮৫	৬০	১৮৬	৪৮	৩৭৯

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	**মন্ত্রণালয়/বিভাগ**	**গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম**	**গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা**	**মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা**
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	**প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি**			**নতুন নিয়োগ প্রদান**			**মন্তব্য**
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		**প্রতিমন্ত্রী/উপমন্ত্রী**		**মন্ত্রিপরিষদ সচিব**		**মন্তব্য**
	দেশে	**বিদেশে**	**দেশে**	**বিদেশে**	**দেশে**	**বিদেশে**	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১৫ আগস্ট ২০১৮ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া সফর করেন।	--	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১১.৭৯ জিওবি: ০.১০ মোট: ১১.৮৯	০.৬৫ (০৫.৪৭ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh-2nd phase	ডিপিএ: ২.৬৯ জিওবি: ০.৬৮ মোট: ৩.৩৭	০.২০২ (৬ শতাংশ)	-	-	জানুয়ারি ২০১৮ থেকে শুরু হয়েছে

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	০৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৩টি	২৩৪.২৩	-	১	১২টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**২৪টি**	**৯২১.২৩**	**০৪**	**১**	**২৩টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৩	-	-	-	-	৩	-
দুর্নীতি দমন কমিশন-১১	-	-	-	১	০৯	০২
মোট ১৪	-	-	-	১	১২	০২

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	'বিপিএটিসি'র কোর কোর্সসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ' শীর্ষক প্রকল্পের আওতায় বৈদেশিক শর্ট কোর্সে অংশগ্রহণ স্থান: অস্ট্রেলিয়া	৩০ জুলাই থেকে ১৯ আগস্ট ২০১৮	জনপ্রশাসন মন্ত্রণালয়	একজন **উপসচিব**
দুর্নীতি দমন কমিশন		--	--	--	--

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার তার বর্ণনা: প্রযোজ্য নয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: একজন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার তিনটি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি, নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয়। ১৬টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) ২৮ জুলাই ২০১৮ তারিখে সেন্ট কিটসের ওয়ার্নার পার্কে সিরিজ নির্ধারণী তৃতীয় একদিনের আন্তর্জাতিক ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সুস্পষ্ট আধিপত্য বজায় রেখে স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দলকে পরাজিত করে ২-১ ম্যাচের ব্যবধানে সিরিজ জয় করে। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ অনন্য সাফল্যের জন্য মন্ত্রিসভার ৩০ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ০১ আগস্ট ২০১৮ তারিখের ২৪১ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৪) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রথম মন্ত্রী, সাবেক সংসদ-সদস্য, খাগড়াছড়ি জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও বর্ষীয়ান রাজনীতিবিদ জনাব কল্পরঞ্জন চাকমা ২৫ জুলাই ২০১৮ তারিখে ৯৮ বছর বয়সে মৃত্যুবরণ করেন। জনাব কল্পরঞ্জন চাকমার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ৩০ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ০১ আগস্ট ২০১৮ তারিখের ২৪২ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৫) দশম জাতীয় সংসদের খুলনা-৪ আসনের সংসদ-সদস্য, সাবেক হুইপ এবং খুলনা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব এস.এম. মোস্তফা রশিদী গত ২৬ জুলাই ২০১৮ তারিখে ৬৫ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জনাব এস. এম. মোস্তফা রশিদীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর রূহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ৩০ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ০১ আগস্ট ২০১৮ তারিখের ২৪৩ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৬) কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮২ 'বিশেষ ব্যাচের' কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক দীর্ঘ ৩৫ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৮ আগস্ট ২০১৮ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন। সরকারি কর্মকর্তা হিসাবে সুদীর্ঘ ৩৫ বছর দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং তাঁর ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে মন্ত্রিসভার ১৩ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ১৬ আগস্ট ২০১৮ তারিখের ২৫৫ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৭) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব জনাব মো. ইউনুসুর রহমান বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮২ 'বিশেষ ব্যাচের' কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক দীর্ঘ ৩৫ বছরের অধিক সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৬ আগস্ট ২০১৮ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন। জনাব মো. ইউনুসুর রহমান-কে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ১৩ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ১৬ আগস্ট ২০১৮ তারিখের ২৫৬ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৮) ভারতের প্রবীণ রাজনীতিবিদ ও প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রী অটল বিহারি বাজপেয়ী ১৬ আগস্ট ২০১৮ তারিখে ৯৩ বছর বয়সে মৃত্যুবরণ করেন। শ্রী অটল বিহারি বাজপেয়ীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং ভারতের সরকার ও জনগণ এবং শ্রী বাজপেয়ীর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৭ আগস্ট ২০১৮ তারিখের ২৬৩ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৯) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪র্থ বিমস্‌টেক শীর্ষ সম্মেলনে যোগদানের লক্ষ্যে ৩০ আগস্ট ২০১৮ তারিখ কাঠমুণ্ডু, নেপালের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রী প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১০) জাতিসংঘের সাবেক মহাসচিব নোবেল শান্তি পুরস্কার বিজয়ী জনাব কফি আনান ১৮ আগস্ট ২০১৮ তারিখে ৮০ বছর বয়সে মৃত্যুবরণ করেন। জনাব কফি আনানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৭ আগস্ট ২০১৮ তারিখের ২৬৪ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১১) দশম জাতীয় সংসদের কুড়িগ্রাম-২ (ফুলবাড়ি, রাজারহাট, সদর-উপজেলা) আসনের সংসদ-সদস্য, জাতীয় সংসদে বিরোধী দলীয় চিফ হুইপ ও জাতীয় পার্টির প্রেসিডিয়াম-সদস্য জনাব মো. তাজুল ইসলাম চৌধুরী ১৩ আগস্ট ২০১৮ তারিখে ৭৩ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জনাব মো. তাজুল ইসলাম চৌধুরীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রূহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৭ আগস্ট ২০১৮ তারিখের ২৬৫ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১২) সাবেক মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমান ১৫ আগস্ট ২০১৮ তারিখে ৮১ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও পরম করুণাময়ের নিকট তাঁর রূহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৭ আগস্ট ২০১৮ তারিখের ২৬৬ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৩) খ্যাতিমান ও দেশবরেণ্য সাংবাদিক এবং বীর মুক্তিযোদ্ধা জনাব গোলাম সারোয়ার ১৩ আগস্ট ২০১৮ তারিখে ৭৫ বছর বয়সে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জনাব গোলাম সারওয়ার-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৭ আগস্ট ২০১৮ তারিখের ২৬৭ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৪) সাবেক রাষ্ট্রদূত ও প্রধান তথ্য কমিশনার জনাব মোহাম্মদ ফারুক ১৯ আগস্ট ২০১৮ তারিখে ৭০ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ ফারুকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৭ আগস্ট ২০১৮ তারিখের ২৬৮ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৫) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আয়কর উপদেষ্টা ও মিডল্যান্ড ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অ্যাডভোকেট এম. মনিরুজ্জামান খন্দকার ১৭ আগস্ট ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। অ্যাডভোকেট এম. মনিরুজ্জামান খন্দকারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও পরম করুণাময়ের নিকট তাঁর রূহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৭ আগস্ট ২০১৮ তারিখের ২৬৯ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৬) খ্যাতিমান নৃত্যশিল্পী জনাব বজলুর রহমান বাদল ১৯ আগস্ট ২০১৮ তারিখে ৯৫ বছর বয়সে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জনাব বজলুর রহমান বাদলের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও পরম করুণাময়ের নিকট তাঁর রূহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৭ আগস্ট ২০১৮ তারিখের ২৭০ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৭) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার ক্লিপিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ ক্লিপিংগুলি ২১টি পত্রের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(১৮) সমরপুস্তকের ০৫ জন অভিরক্ষকের নিকট থেকে প্রাপ্ত প্রত্যয়নপত্র ডায়েরি করে সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়।

(১৯) ১৯৯০ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ/উপদেষ্টা মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, সারসংক্ষেপ ও বিজ্ঞপ্তিসমূহের মোট নয় খন্ড রেকর্ড স্থায়ীভাবে সংরক্ষণের জন্য ০৭ আগস্ট ২০১৮ তারিখে মহাপরিচালক, আরকাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তরের নিকট হস্তান্তর করা হয়।

(২০) ১৯৯১ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির খন্ডসমূহের প্রায় ১০০০ পৃষ্ঠা ফটোকপি করা হয়।

(২১) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/ হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ০২টি পত্র জারি করা হয়।

(২২) ‘সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিভাগীয় ব্যবস্থাপনা কমিটি’ গঠন এবং ‘সামাজিক নিরাপত্তা সংক্রান্ত জেলা ব্যবস্থাপনা কমিটি’ ও ‘সামাজিক নিরাপত্তা সংক্রান্ত উপজেলা ব্যবস্থাপনা কমিটি’ পুনর্গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(২৩) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তাবায়নাধীন ‘Platforms for Dialogue’-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় তথ্য মন্ত্রণালয় ও বিভিন্ন প্রশিক্ষণ ইন্সটিটিউটের সঙ্গে MoU স্বাক্ষর ও চূড়ান্তকরণের নিমিত্ত কমিটির সভা আয়োজন করা হয়।

(২৪) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তাবায়নাধীন ‘Platforms for Dialogue’-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Change Management Team (CMT) গঠনের notification জারি করা হয়।

(২৫) সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিসসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

(২৬) জনৈক জনাব মতিউর রহমান তালুকদারের অভিযোগের প্রেক্ষিতে প্রাপ্ত লিগ্যাল নোটিশ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়।

(২৮) অনলাইন জিআরএস সফ্টওয়্যার এর ভার্সন-২ এর উপর সকল মন্ত্রণালয়/বিভাগের টেকনিক্যল পার্সনদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

(২৯) সকল মন্ত্রণালয়/বিভাগে GRS সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

(৩০) ‘ইউনিক আইডি (ইউ আইডি) প্রবর্তন এবং বাস্তবায়ন’-শীর্ষক গোলটেবিল বৈঠক আয়োজন করা হয়।

(৩১) Open CRVS এবং সিআরভিএস সংক্রান্ত লিগ্যাল রিভিউ কমিটির সভা আয়োজন করা হয়।

(৩২) সিআরভিএস সংক্রান্ত টেকনিক্যাল কমিটির সভা আয়োজন করা হয়।

(৩৩) এসএসপিএস প্রোগ্রামের তৃতীয় PSC সভা আয়োজন করা হয়।

(৩৪) সামাজিক নিরাপত্তা ফোকাল পয়েন্টগণের সমন্বয়সভা আয়োজন করা হয়।

(৩৫) রোহিঙ্গা জনগোষ্ঠীর বাংলাদেশে অনুপ্রবেশের কারণে আর্থ-সামাজিকভাবে ক্ষতিগ্রস্ত কক্সবাজারের স্থানীয় জনগণের জন্য সামাজিক নিরাপত্তা কার্যক্রম বর্ধিতকরণের বিষয়ে ধারণাপত্র উপস্থাপন করা হয়।

(৩৬) বিভাগ, জেলা ও উপজেলা সামাজিক নিরাপত্তা কমিটিসমূহের প্রজ্ঞাপন মুদ্রণ এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করা হয়।

(৩৭) বিভিন্ন মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা ফোকাল পয়েন্টগণের তালিকা এবং প্রাপ্ত অন্যান্য তথ্যাদির আলোকে এসএসপিএস প্রোগ্রামের ওয়েবসাইট হালনাগাদ করা হয়।

(৩৮) Schedule and draft program for the visit of NIC of Maldives to Bangladesh-সংক্রান্ত পত্র জননিরাপত্তা বিভাগে প্রেরণ করা হয়।

(৩৯) জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে খাদ্যে ভেজাল প্রতিরোধের লক্ষ্যে গঠিত উপকমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হয়।

(৪০) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ২০১৮-১৯ অর্থবছরের চূড়ান্ত পরিবীক্ষণ কাঠামো প্রেরণ সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হয়।

(৪১) Schedule and draft program for the visit of NIC of Maldives to Bangladesh পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা বরাবর প্রেরণ করা হয়।

(৪২) জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে খাদ্যে ভেজাল প্রতিরোধের লক্ষ্যে গঠিত উপকমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত পত্র জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, স্থানীয় সরকার বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বিএসটিআই এবং মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ও মাঠপ্রশাসন অনুবিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।

(৪৩) আরটিআই ওয়ার্কিং গ্রুপের নবম সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়ে প্রেরণ করা হয়।
(৪৪) জাতীয় শোক দিবস ২০১৮ পালন উপলক্ষ্যে ঢাকার বনানী করবস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সভায় যোগদান সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়ে প্রেরণ করা হয় এবং ১৪ আগস্ট ২০১৮ তারিখে উক্ত সভা অনুষ্ঠিত হয়।

(৪৫) তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গ্রুপ (কেন্দ্রীয় পর্যায়)-এর সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সকল বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

(৪৬) তথ্য অধিকার আইন, ২০০৯-এর অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও)-দের সম্পর্কে তথ্য প্রেরণ সংক্রান্ত পত্র সকল বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

(৪৭) ০৬ আগস্ট ২০১৮ তারিখে 'জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রদেয় লাইসেন্স ব্যবস্থাপনার অনলাইন সিস্টেম'-শীর্ষক প্রকল্প সারাদেশে বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সকল জেলা প্রশাসককে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়।
(৪৮) ২৮ আগস্ট ২০১৮ তারিখে বঙ্গবন্ধু স্যাটেলাইন-১-এর সেবা বিপণনের জন্য Memorandum of Understanding (MoU)-এর খসড়ার ওপর মতামত জানিয়ে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানিকে একটি পত্র প্রেরণ করা হয়।

(৪৯) ১২ আগস্ট ২০১৮ তারিখ ০৫টি মন্ত্রণালয়/বিভাগ (বিদ্যুৎ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়) ও আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের বার্ষিক উদ্ভাবনী কর্মকাণ্ডের অগ্রগতি বিষয়ক পর্যালোচনাসভা অনুষ্ঠিত হয়।

(৫০) ২৬ আগস্ট ২০১৮ তারিখ ০৭টি মন্ত্রণালয়/বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, অর্থ বিভাগ, কৃষি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়) ও আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের বার্ষিক উদ্ভাবনী কর্মকাণ্ডের অগ্রগতি বিষয়ক পর্যালোচনাসভা অনুষ্ঠিত হয়।

(৫১) স্বাধীনতা পুরস্কার-২০১৯ এর জন্য আবেদন আহ্বান করা হয়।

(৫২) ৩০ আগস্ট ২০১৮ তারিখ মন্ত্রিপরিষদ সচিব এবং সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

(৫৩) ০১ আগস্ট ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৭-১৮ অর্থ-বছরে বাস্তবায়িত প্রকল্পসমূহের তথ্যাদি ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি পর্যালোচনা প্রতিবেদন অন্তর্ভুক্তির লক্ষ্যে সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭ বরাবর প্রেরণ করা হয়।
(৫৪) ২০১৭-১৮ অর্থ-বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে ২০১৭-১৮ অর্থ-বছরের সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তি মন্ত্রিপরিষদ বিভাগের প্রকল্পসমূহের জুন ২০১৮ পর্যন্ত অগ্রগতির তথ্যাদি আইএমইডি ফরমেট ০৫/২০০৩ অনুযায়ী সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭ বরাবর প্রেরণ করা হয়।
(৫৫) ০১ আগস্ট ২০১৮ তারিখে প্রকল্প শাখার ই-নথি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি এ বিভাগের ই-গভর্নেন্স-২ শাখার সিনিয়র সহকারি সচিব বরাবর প্রেরণ করা হয়।
(৫৬) ০২ আগস্ট ২০১৮ তারিখে 'Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS'-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের মন্ত্রিপরিষদ বিভাগের থোক বাজেট হতে অর্থ বরাদ্দের জন্য সম্মতি প্রদান সংক্রান্ত পত্রটি সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭ বরাবর প্রেরণ করা হয়।
(৫৭) ০২ আগস্ট ২০১৮ তারিখে জাপানি অর্থ-বছর ২০১৯-এ জাপানি কারিগরি সহায়তায় বাস্তবায়নযোগ্য প্রকল্প প্রস্তাব প্রেরণ সংক্রান্ত পত্রটি সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বরাবর প্রেরণ করা হয়।
(৫৮) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প সংক্রান্ত তথ্যাদি সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭ বরাবর প্রেরণ করা হয়।

(৫৯) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের ২০১৮-১৯ অর্থ-বছরের জুলাই ২০১৮ পর্যন্ত এডিপি অগ্রগতির প্রতিবেদনটি সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭ বরাবর প্রেরণ করা হয়।

(৬০) আগস্ট ২০১৮ মাসে এ বিভাগের বিভিন্ন অনুবিভাগ/অধিশাখা/শাখা থেকে প্রাপ্ত ৪১টি তথ্য ওয়েবসাইটে আপলোড/হালনাগাদ করা হয়।

(৬১) ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম (নেস) এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের (ইউডিসি) ড্যাশবোর্ড মনিটরিং করা হয় এবং জুন ও জুলাই ২০১৮ মাসের কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুত করে বিভাগীয়কমিশনারদের সমন্বয় সভায় উপস্থাপন করা হয়।

(৬২) ই-ফাইলিং কার্যক্রমে প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।

(৬৩) ইনফরমেশন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে এফসিআর প্রেরণ এবং প্রস্তুত সংক্রান্ত কাজে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক-এর কার্যালয় এবং এ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখায় প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।

(৬৪) পাঁচ ভিডিও কনফারেন্সে কারিগরি সহায়তা প্রদান করা হয়।

(৬৫) জিআরএস সফটওয়্যার ব্যবহারে কারিগরি সহায়তা প্রদান করা হয়।

(৬৬) ০৭ ও ১৪ আগস্ট ২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভার কার্যপত্রের ওপর মন্ত্রিপরিষদ বিভাগের সংক্ষিপ্ত নোট প্রস্তুত করে মন্ত্রিপরিষদ সচিব মহোদয় বরাবর প্রেরণ করা হয়।

(৬৭) ০১ আগস্ট ২০১৮ তারিখ ই-নথি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি এ বিভাগের সিনিয়র সহকারি সচিব, ই-গভর্নেন্স-২ শাখা বরাবর প্রেরণ করা হয়।

(৬৮) ২৮ আগস্ট ২০১৮ তারিখ উত্তম চর্চা (Best Practices) বিষয়ক প্রতিবেদন প্রেরণ করার জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৯) বাংলাদেশে কর্মরত মানবাধিকার কমিশন (www.nhrc-bd.org)-এর কার্যপরিধি সম্পর্কে জানানোর জন্য মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭০) চট্টগ্রাম বিভাগের স্পর্শকাতর, চাঞ্চল্যকর ও গুরুতর ঘটনা সংশ্লিষ্ট প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭১) চট্টগ্রাম মহানগর এবং জেলায় নিরাপদ সড়কের দাবীতে আন্দোলনরত শিক্ষার্থী এবং অন্যান্য প্রতিনিধিদের সাথে বৈঠক এবং এ বিষয়ে গৃহীত পদক্ষেপ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ; সচিব, সুরক্ষা সেবা বিভাগ; সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭২) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৫৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু স্মৃতি চত্বরে নির্মিত প্যান্ডেলে অগ্নিকান্ড সংক্রান্ত বিষয়ে তদন্ত কমিটির প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ ও সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৩) জুলাই ২০১৮ মাসের গ্রাম আদালতসমূহে সর্বোচ্চ মামলা নিষ্পত্তিতে ধন্যবাদ জ্ঞাপন করে জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৪) সিরাজগঞ্জ সদর উপজেলাধীন কাদাই নামক স্থানে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে ০৮ জন লোকের মৃত্যুর তদন্ত প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, বিদ্যুৎ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৫) মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক জয়পুরহাট শাখার নৈশ প্রহরি এবং জেলা প্রশাসকের কার্যালয়ের জয়পুরহাটের প্রসেস সার্ভার খুনের প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৬) চট্টগ্রাম মহানগরের বায়েজিদ বোস্তামী থানাধীন বাংলাদেশ পুলিশ সিটি স্পেশাল ব্রাঞ্চের গোপনীয় প্রতিবেদন অনুযায়ী আমিন জুট মিলস্-এর শ্রমিকদের ঈদ-উল-আযহার পূর্বে ৯ সপ্তাহের বকেয়া মজুরি, ঈদ বোনাস ও সকল বকেয়া এককালীন পরিশোধ করা সংক্রান্ত প্রতিবেদন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৭) বাংলাদেশ পুলিশ সিটি স্পেশাল ব্রাঞ্চের গোপনীয় প্রতিবেদন অনুযায়ী ১১ আগস্ট ১৮ ঝালকাঠি জেলার কেওতা ফাজিল মাদ্রাসার শিক্ষক কর্তৃক আল্লাহ লেখা কাগজে বেত্রাঘাত ও ছিঁড়ে ফেলার প্রতিবাদে ছাত্র-ছাত্রীদের ক্লাস বর্জন ও

বিক্ষোভ করা সংক্রান্ত প্রতিবেদন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৮) বাংলাদেশ পুলিশ সিটি স্পেশাল ব্রাঞ্চের গোপনীয় প্রতিবেদন অনুযায়ী ১২ আগস্ট ২০১৮ কর্তব্যরত নার্স ও চিকিৎসকের অবহেলায় এক প্রসূতির হাসপাতালের বাইরে প্রসব করা সংক্রান্ত প্রতিবেদন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৯) কথিত ইয়াবা ব্যবসায়ী ও পৃষ্টপোষক তালিকা বিষয়ে প্রকাশ্যে বা গোপনে উচ্চক্ষমতা সম্পন্ন দল দ্বারা তদন্তের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৮০) চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার ফরহাদাবাদ এলাকায় অজ্ঞাত রোগে আক্রান্ত হয়ে ৪জন শিশুর মৃত্যু এবং আরও অনেক শিশু অসুস্থ হওয়ার ঘটনা সংক্রান্ত প্রতিবেদন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৮১) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী আগস্ট/২০১৮ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ০১ জনের বিষয়ে অভিযোগপত্র দাখিল করা হয়। এ ছাড়া, ৪৯ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয় এবং উপরোল্লিখত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(৮২) বিভিন্ন আইনে ০৩ (তিন) জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৮৩) জেলা প্রশাসক, চাঁদপুর ও হবিগঞ্জকে নৈমিত্তিক ছুটি; বিভাগীয় কমিশনার, খুলনা ও রংপুর এবং জেলা প্রশাসক, ঢাকা, নারায়ণগঞ্জ, কক্সবাজার, নওগাঁ, চুয়াডাঙ্গা, পিরোজপুর, হবিগঞ্জ ও ঠাকুরগাঁওকে সাপ্তাহিক ছুটিতে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(৮৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রংপুরকে ২৬ আগস্ট ২০১৮ হতে ২৫ অক্টোবর ২০১৮ মেয়াদে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরের বিষয়ে; এবং জেলা প্রশাসক, নরসিংদীর ০৮ সেপ্টেম্বর ২০১৮ হতে ১২ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত ভারতের আজমির শরীফসহ অন্যান্য দর্শনীয় স্থান ভ্রমণ; জেলা প্রশাসক, মানিকগঞ্জকে পবিত্র হজ পালনের নিমিত্ত সৌদি আরব গমনের জন্য ১৬ আগস্ট ২০১৮ হতে ২৭ আগস্ট ২০১৮ মেয়াদে; জেলা প্রশাসক, ঝিনাইদহকে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর; জেলা প্রশাসক, কিশোরগঞ্জকে ৩০ আগস্ট ২০১৮ হতে ০২ সেপ্টেম্বর ২০১৮ মেয়াদে বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটি মঞ্জুর এবং বিদেশ গমনের অনুমতি প্রদান; এবং জেলা প্রশাসক, লালমনিরহাটের শ্রান্তি ও বিনোদন ছুটিকে বহিঃবাংলাদেশ ছুটি হিসাবে মঞ্জুরের জন্য মতামত প্রদান করা হয়।

(৮৫) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত বিভিন্ন সভায় যোগদানের নিমিত্ত বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, ময়মনসিংহ, রংপুর, খুলনা এবং জেলা প্রশাসক, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়িকে অনুমতি প্রদান করা হয়।

(৮৬) জেলা প্রশাসক, মাগুরা ও লালমনিরহাটকে আদালতে স্বাক্ষ্য প্রদানের নিমিত্ত কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(৮৭) ২৯ আগস্ট ২০১৮ হতে ০৭ সেপ্টেম্বর ২০১৮ মেয়াদে ভারতের National Centre for Good Governance (NCGG) Mussoorie-তে অনুষ্ঠেয় 'Special Training programe for Deputy Commisioner of Bangladesh' শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ এবং উক্ত প্রশিক্ষণ উপলক্ষ্যে ২৭ আগস্ট ২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ব্রিফিং-এ অংশগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, পিরোজপুর, রংপুর, বরগুনা, চাঁদপুর, কুমিল্লা, কুষ্টিয়া, নেত্রকোণা, সাতক্ষীরা, শরীয়তপুর, নওগাঁ, দিনাজপুর, চট্টগ্রাম, সিলেট, কুড়িগ্রাম, নরসিংদীকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়। এছাড়া, মিয়ানমারে অনুষ্ঠিত সভায় যোগদানের জন্য বিভাগীয় কিমশনার, চট্টগ্রামকে অনুমতি প্রদান করা হয়।

(৮৮) বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণের বিভিন্ন জেলা সফরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে পত্র দেওয়া হয়।

(৮৯) জনাব মোঃ সাইদুর রহমান, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৩ মে ২০১৮ তারিখে মৌলভীবাজার জেলা; জনাব মোঃ খলিলুর রহমান, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৯ জুন ২০১৮ তারিখে গাইবান্ধা জেলা; ড. আবু সালেহ্ মোস্তফা কামাল, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৮ জুন ২০১৮ তারিখে কক্সবাজার জেলার রামু উপজেলা; জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান ড. মুজিবুর রহমান হাওলাদার এবং সার্বক্ষণিক সদস্য জনাব মোঃ আলাউদ্দিন কর্তৃক ০২ জুন ২০১৮ তারিখে গাজীপুর এবং ১৪ মে ২০১৮ তারিখে সুনামগঞ্জ জেলা; এবং জেলা প্রশাসক,

সিরাজগঞ্জ কর্তৃক ৩০ জুলাই ২০১৮ তারিখে জেলার বেলকুচি উপজেলা পরিদর্শন করে দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেওয়া হয়।

(৯০) মাঠপর্যায়ে বিভাগের সর্বোচ্চ কর্তৃপক্ষ হিসাবে বিভাগীয় কমিশনারগণের সঙ্গে উপপরিচালক, স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/এলএ/শিক্ষা ও আইসিটি), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)-এর সঙ্গে নির্দিষ্ট সময় অন্তর সভা আয়োজন, সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করে মাঠপর্যায়ের কর্মকর্তাগণের সঙ্গে বিভাগীয় কমিশনারগণের সভা আয়োজন সংক্রান্ত গৃহীত কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য সকল বিভাগীয় কমিশনারকে পত্র দেওয়া হয়।

(৯১) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ০৪ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১০ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত এবং ০১ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৯২) ৩০ আগস্ট ২০১৮ তারিখে বিভাগীয় কমিশনার সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ২৪টি সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও বিভাগীয় কমিশনারগণের নিকট সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়।

(৯৩) জেলা প্রশাসক সম্মেলন ২০১৮-এর কার্যবিবরণী মুদ্রণের জন্য বিজি প্রেসে প্রেরণ করা হয়।

(৯৪) জেলা প্রশাসক সম্মেলন ২০১৮তে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের মুক্ত আলোচনায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে ২১টি পত্র প্রেরণ করা হয়।

(৯৫) বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৩৬-তম ব্যাচের শিক্ষানবিশ সহকারী কমিশণারগণের জন্য ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজনের নিমিত্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও বিভাগীয় কমিশনারগণের নিকট পত্র প্রেরণ করা হয়।

(৯৬) নির্দিষ্ট স্থানে কুরবানির পশু জবেহ্করণ ও দ্রুত বর্জ্য অপসারণের বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯৭) বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মরত ১১-১৬ গ্রেডভুক্ত কর্মচারীদের পদমর্যাদা উন্নীতকরণের জন্য সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯৮) পাক্ষিক গোপনীয় প্রতিবেদন (FCR)-এ 'একটি বাড়ি একটি খামার'-এর বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন নির্দিষ্ট ছকে সংযোজনের লক্ষ্যে সফটওয়ার আপডেটের জন্য যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯৯) জনাব মোঃ নজরুল ইসলাম, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, মরিচ্যা পালং উচ্চ বিদ্যালয়, উখিয়া, কক্সবাজার-এর বিরুদ্ধে আনীত অভিযোগের জন্য সচিব, দুর্নীতি দমন কমিশন বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০০) আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৮ উপলক্ষ্যে মহাসড়কে যাত্রী পরিবহন নিরাপদ ও নির্বিঘ্ন করার নিমিত্ত গৃহীত পদক্ষেপ বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০১) জেলা প্রশাসক, পটুয়াখালী কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক পটুয়াখালী বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জলঢাকা, নীলফামারী পরিদর্শন প্রতিবেদনের সম্পর্কে জেলা প্রশাসক নীলফামারী বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী-এর সরকারি জাতীয় কর্মসূচিতে অনুপস্থিত থাকার বিষয়ে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০৪) মঞ্জুরকৃত লাম্প গ্র্যান্ট ও আনুতোষিক ভাতা'র ইউনিয়ন পরিষদ অংশের অর্থ পাওয়ার আবেদনের বিষয়ে জেলা প্রশাসক সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০৫) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে কক্সবাজার জেলার চলমান উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়। কক্সবাজার জেলার চলমান উন্নয়ন প্রকল্পের তথ্যের জন্য জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০৬) কুরবানি পশুবাহী ট্রাক দ্রুততার সাথে ফেরি পারাপারের ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০৭) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনুর্ধ্ব-১৭) আয়োজনের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০৮) ইলিশ সম্পদ সংরক্ষণে জারিকৃত প্রজ্ঞাপনের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০৯) ইএনটি এন্ড হেড-নেক ক্যান্সার হাসপাতাল এন্ড ইনস্টিটিউট-এর অনুকূলে সরকার অনুমোদিত লটারির টিকেট বিক্রয়ে সহযোগিতার অনুমতি এবং নির্দেশনার বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১১০) জেলা পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

গ. আগামী (সেপ্টেম্বর-অক্টোবর) দুই মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর ২০১৮) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৪) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিংয়ের ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(৫) ২০১৬ মেয়াদে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, বিজ্ঞপ্তি এবং সার-সংক্ষেপসমূহ বই আকারে প্রকাশকরণ।

(৬) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৭) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৮) Technical Support for CRVS System Improvement in Bangladesh Phase-2 প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন।

(৯) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণলয় এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সঙ্গে যৌথভাবে সামাজিক বিমা সংক্রান্ত ওয়ার্কশপ আয়োজন।

(১০) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর কর্মপরিকল্পনার মোড়ক উম্মোচন এবং সামাজিক নিরাপত্তা বিষয়ক কনফারেন্স আয়োজন।

(১১) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) সংক্রান্ত জেন্ডার পলিসির খসড়া বাংলায় অনুবাদপূর্বক প্রকাশনা।

(১২) রোহিঙ্গা জনগোষ্ঠীর বাংলাদেশে অনুপ্রবেশের কারণে আর্থ-সামাজিকভাবে ক্ষতিগ্রস্ত কক্সবাজারের স্থানীয় জনগণের জন্য সামাজিক নিরাপত্তা কার্যক্রম বর্ধিতকরণের বিষয়ে প্রকল্প প্রস্তাব প্রণয়ন।

(১৩) এসএসপিএস প্রোগ্রামের মেয়াদ ২০২০ সালের জুলাই পর্যন্ত বর্ধিতকরণের জন্য সংশ্লিষ্ট Prodoc এবং TPP সংশোধনের যাবতীয় কার্যক্রম সম্পাদন।

(১৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা।

(১৫) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা।

(১৬) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্সের ১৮৮তম সভা অনুষ্ঠান।

(১৭) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(১৮) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(মুহাম্মদ আসাদুল হক)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd